জেলা পরিষদ, ফেনী।
৩/৪/১১ প্রাপ্তি নং- ৮৩৩
নিঃ সহঃ প্রকৌঃ | সচিব
উঃ সহঃ (সাঃ) | উপ সহঃ প্রকৌঃ
উঃ সহঃ (কাঃ) | হিসাব রক্ষক
সহঃ (বাণিজ্যিক ইজারা) | সার্ভেয়ার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ শাখা)

স্মারক নং-স্থাসবি/জেপশা/বিবিধ-১/২০০৭(অংশ)/ ৯৮৪ তারিখঃ ২২/০৩/২০১১ খ্রিঃ।

বিষয়ঃ জেলা পরিষদের মালিকানাধীন ইজারাকৃত সম্পত্তি/স্থাপনার ইজারা মূল্য পুনঃ নির্ধারণ।

জেলা পরিষদের রাজস্ব আয়ের অন্যতম উৎস ফেরীঘাট/খেয়াঘাট, বদ্ধ জলাশয়, পুকুর/দিঘী, মার্কেট, যাত্রী ছাউনী, জমির একসনা লীজ ইত্যাদি। এ সকল সম্পত্তি/স্থাপনার ইজারা মূল্য যৌক্তিক হারে নির্ধারণ না করা এবং ফেরীঘাট/খেয়াঘাটে যাত্রীদের থেকে অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগ রয়েছে। এগুলোর সুষ্ঠু ব্যবস্থাপনা ও জনসাধারণের সুবিধার জন্য প্রতি তিন বছর অন্তর এর টোল ও ভাড়া পুনঃ নির্ধারণ/যৌক্তিকিকরণ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে সমন্বয় করে সরেজমিনে পরিদর্শনপূর্বক টোল ও যাত্রীভাড়া পুনঃ নির্ধারণ/যৌক্তিকিকরণ করে আগামী অর্থ বছরের ইজারা কার্যক্রম গ্রহণ/ইজারাকৃত সম্পত্তি/স্থাপনা হস্তান্তর করাসহ পুনঃ নির্ধারিত টোল ও যাত্রীভাড়ার হার সংশ্লিষ্ট স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

২২/৩/১১
(জুবাইদা নাসরীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ------------------(সকল)।

অনুলিপিঃ

১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ।
২। জেলা প্রশাসক--------------------(সকল)।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

Com-1\D:\2010-2011\Khea Ghat\Letter.doc-1